

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 স্বরাষ্ট্র মন্ত্রণালয়
 জননিরাপত্তা বিভাগ
 মেডিকেল -১ শাখা
www.mhapsd.gov.bd

নম্বর-৮৮.০০.০০০০.২৫৪.১১.০০৯.২২-৩৮

তারিখঃ ১৬ ফাল্গুন ১৪৩০
২৯ ফেব্রুয়ারি ২০২৪

প্রজ্ঞাপন

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের অধীন বাংলাদেশ পুলিশ হাসপাতালসমূহের “সিনিয়র কনসালটেন্ট (ইএনটি)” (৫ম গ্রেড) এর ০১ টি পদ নিয়োগের মাধ্যমে পূরণের লক্ষ্যে পিএসসি’র সুপারিশ এর পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত প্রার্থীকে জাতীয় বেতন ক্ষেত্র, ২০১৫-এর টাকা ৪৩০০০-৬৯৮৫০/- (৫ম গ্রেড) বেতনক্রমে অস্থায়ী ভিত্তিতে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের অধীন বাংলাদেশ পুলিশ হাসপাতালসমূহে “সিনিয়র কনসালটেন্ট (ইএনটি)” পদে নিয়োগ প্রদান করা হলো:

নং	সুপারিশকৃত প্রার্থীর নাম	রেজিস্ট্রেশন নম্বর	জেলা
১	ডা. রাজু বড়ুয়া DR. RAJU BARUA	000078	Chattogram

শর্তাবলী:

- (ক) যোগদানের তারিখ হতে বিধি মোতাবেক তিনি ০২(দুই) বছর শিক্ষানবিশ হিসেবে থাকবেন। শিক্ষানবিশকালে যদি তিনি চাকুরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্মকর্মনের পরামর্শ ব্যতিরেকেই তাকে চাকুরি থেকে অপসারণ করা যাবে;
- (খ) শিক্ষানবিশকাল সতোষজনকভাবে সমাপনাতে চাকুরিতে নিয়োগের তারিখ হতে স্থায়ী করা হবে;
- (গ) সরকারি বিধি মোতাবেক ভাতাদি ও অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন;
- (ঘ) চাকুরিতে থাকাকালে সরকারি সকল বিধি বিধান তাঁর ক্ষেত্রে প্রযোজ্য হবে;
- (ঙ) এ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকুরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান দ্বারা তাঁর চাকুরি নিয়ন্ত্রিত হবে;
- (চ) চাকুরিতে নিয়োজিত থাকাকালে কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে অন্যত্র চাকুরির জন্য আবেদন করা বা কোন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়ন করা যাবে না;
- (ছ) The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপ বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকুরিতে যোগদানের সময় এ বিভাগে জমা দিতে হবে; এবং
- (জ) চাকুরিতে যোগদানের জন্য কোন প্রকার ভ্রমণভাতা বা দৈনিকভাতা প্রদান করা হবে না।

২. উল্লিখিত শর্তাবলী গ্রহণযোগ্য হলে তাকে ০৫-০৩-২০২৪ খ্রি তারিখে সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-বরাবর সশরীরে উপস্থিত হয়ে যোগদান পত্র দাখিলের জন্য অনুরোধ করা হলো। উল্লিখিত তারিখে যোগদান না করলে এ নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।

৩. জনস্বার্থে এ নিয়োগ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

 ২৯.০২.২০২৪

মিন্টু চৌধুরী, বিপ্লবী

উপসচিব

ফোন: +৮৮০২৫৫১০০৩৯০

E-mail: medical1@mhapsd.gov.bd

নম্বর-৪৮,০০.০০০০.২৫৪,১১.০০৯.২২-৩৪

তারিখঃ ১৬ ফাল্গুন ১৪৩০
২৯ ফেব্রুয়ারি ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
- ৩। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিব, বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৬। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। উপসচিব (সচিবালয় নিরাপত্তা শাখা), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (নব নিয়োগপ্রাপ্ত কর্মকর্তার স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে যোগদানের নিমিত্ত বাংলাদেশ সচিবালয়ে প্রবেশের অনুরোধসহ)।
- ৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৯। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (প্রজাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ১০।  সিটেম এনালিস্ট, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ১১। হিসাবরক্ষণ কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১২। অতিরিক্ত সচিব (মেডিকেল অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৩। জনাব